দৈনিক ইত্তেফাক

৭/১১/২০০০
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ কলাম ৬.....

# চাঁদা দাবীর অভিযোগ ঃ ছাত্রদলের দুই নেতাসহ ৪ জন গ্রেফতার

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল মঙ্গলবার মতিঝিল বাণিজ্যিক এলাকার ৭৮ নম্বর ভবনের দোতলায় একটি ব্যবসায়ী প্রতিষ্ঠানে চাঁদা আদায় করিতে গিয়া ছাত্রদলের দুই নেতাসহ ৪ জনকে পুলিশ গ্রেফতার করিয়াছে। গ্রেফতারকৃতদের মধ্যে এরশাদের বান্ধবী মেরীর স্বামী চৌধুরী বদর উদ্দিনও রহিয়াছেন। পুলিশ জানায়, বেলা আড়াইটায় কোতয়ালী থানা ছাত্রদলের সভাপতি ইসহাক সরকার ও সহ-সভাপতি আজগর হোসেনের নেতৃত্বে ৪ ব্যক্তি উক্ত ভবনের দোতলায় রিও শিপিং লাইন্স লিমিটেডে জোরপূর্বক প্রবেশ করে। তাহারা এই প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক আবু জাফর হুমায়ুনের কক্ষে প্রবেশ করিয়া বলে, কোন কথা বলবি না এবং কোন শব্দ করিলে শেষ করিয়া ফেলিব। তাহারা আরও বলে, বিএনপি ক্ষমতায় আসিয়াছে এবং এই মুহূর্তে তাহাদের ৫ লক্ষ টাকা দিতে হইবে। ঐ সময় ব্যবস্থাপনা পরিচালকের কক্ষে তাহার ম্যানেজার (২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## চাঁদা দাবীর অভিযোগ

(প্রথম পৃঃ পর)

আবুল বাশার ও পিয়ন আতাহার আলী প্রবেশ করিতে চাইলে চাঁদাবাজরা তাহাদের ধাক্কা দিয়া কক্ষ হইতে বাহির করিয়া দেয়। তাহাদের মধ্যে চৌধুরী বদর উদ্দিন ব্যবস্থাপনা পরিচালককে বলেন, তিনি জেলহাজত খাটিয়া আসিয়াছেন এবং তাহার অনেক টাকা প্রয়োজন। এক পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক চাঁদা দিতে অপারগতা জানাইলে তাহারা তাহাকে হত্যার হুমকি দেয়। ইতিমধ্যে অফিসের অন্যান্য কর্মচারী মতিঝিল থানায় সংবাদ দেন। পুলিশ দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হইয়া ছাত্রদলের দুই নেতা চৌধুরী বদর উদ্দিন ও সোহেল করিমকে হাতেনাতে গ্রেফতার করে। ঐ সময় দুই ছাত্রদল নেতা পুলিশের সম্মুখে ব্যবস্থাপনা পরিচালককে হুমকি দিয়া নাসিরউদ্দিন পিন্টুকে ফোন করে। এই ফোন শেষে তাহাকে তাহারা দেখিয়া নিবে বলিয়া শাসাইয়া দেয়। এই ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালক বাদী হইয়া মতিঝিল থানায় মামলা দায়ের করেন। এদিকে পুলিশ জানায়, চৌধুরী বদর উদ্দিন বলিয়াছেন, উক্ত ব্যবসায়ী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালকের নিকট বাড়ী ভাড়া বাবদ তাহার ১২ লক্ষ টাকা পাওনা। এই টাকা আদায় করার জন্য তিনি ছাত্রদলের দুই নেতা ও এক ক্যাডারকে সঙ্গে নিয়া উক্ত অফিসে গিয়াছিলেন। উক্ত ব্যবস্থাপনা পরিচালক আবু জাফর হুমায়ূন বলিয়াছেন, চৌধুরী বদর উদ্দিনের বাড়ী ভাড়া পাওনার বিষয়টি সাজানো।